DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Jul 2026, 12:30 PM

স্বাস্থ্য

# ২৪ ঘণ্টায় হাম ও উপসর্গে আরও ৭ শিশুর মৃত্যু

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৪ জুলাই ২০২৬, ০৮:৪৬ PM



সারাদেশে হাম ও হামের উপসর্গে গত ২৪ ঘণ্টায় আরও ৭ শিশুর মৃত্যু হয়েছে। এ সময়ে নতুন করে আক্রান্ত হয়েছে ৯৯০ জন।

মঙ্গলবার (১৪ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোল রুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া ৭ জনের মধ্যে ৬ শরীরে হামের উপসর্গ ছিল। একজন হামে আক্রান্ত হয়ে মারা গেছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ আজ পর্যন্ত সারাদেশে নিশ্চিত হামে ৯৫ জন এবং সন্দেহজনক হামে ৬৭১ জনের মৃত্যু হলো। অর্থাৎ, এই রোগে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ৭৬৬ জনে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে ১২২ জনের শরীরে হামের সংক্রমণ নিশ্চিত হওয়া গেছে। এর বাইরে আরও ৮৬৮ জন

সন্দেহজনক হামরোগী শনাক্ত হয়েছেন। সব মিলিয়ে গত ১৫ মার্চ থেকে এ পর্যন্ত দেশে নিশ্চিত হামরোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ১৩ হাজার ৭৩৫ জনে। আর এই সময়ে সন্দেহজনক হামরোগীর মোট সংখ্যা পৌঁছেছে এক লাখ ১৩ হাজার ২৪৪ জনে।

হাসপাতালগুলোর সার্বিক পরিস্থিতি জানিয়ে স্বাস্থ্য অধিদপ্তর জানায়, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক হাম নিয়ে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন ৯৬ হাজার ২৭ জন। এর মধ্যে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন ৯২ হাজার ৩৮৩ জন।

---

## এ বিভাগের আরও খবর



**জলাবদ্ধতা, বন্যা ও স্যাঁতসেঁতে পরিবেশে কোন রোগের আশঙ্কা সবচেয়ে বেশি?**
টানা কয়েক দিন ধরেই রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে বৃষ্টি হচ্ছে আর এতে দেখা দিয়েছে জলাবদ্ধতা। এতে করে ঘরের পরিবেশ স্যাঁতসেঁতে হয়ে গেছে।অ...



**ওষুধ ছাড়াই নিয়ন্ত্রণে থাকবে ডায়াবেটিস, জেনে নিন সেই প্রাকৃতিক উপাদান**
গত কয়েক দশকে বেড়েই চলেছে ডায়াবেটিসে আক্রান্ত রোগীর সংখ্যা। একসময় মনে করা হতো ডায়াবেটিস শুধু মাত্র বয়স্কদের রোগ। কিন্তু বর্তমানে ৩০ পেরোতে ন...



**ডেঙ্গু নিলো আরও দুই প্রাণ, হাসপাতালে ভর্তি ৩২৭**
ডেঙ্গুতে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও দুইজনের মৃত্যু হয়েছে। এই সময়ে ডেঙ্গু নিয়ে ৩২৭ জন হাসপাতালে ভর্তি হয়েছেন।সোমবার (১৩ জুলাই) স্বাস্থ্য অ...



**হাম উপসর্গে আরও একজনের মৃত্যু, নতুন আক্রান্ত ৮৯৬**

গত ২৪ ঘণ্টায় হাম উপসর্গে দেশে আরো এক শিশুর মৃত্যু হয়েছে। এ সময় নতুন করে আরও ৮৯৬ জন আক্রান্ত হয়েছেন।সোমবার (১৩ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তর থেকে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/health/24-ghntay-ham-o-upsrge-aro-7-shishur-mritju